# <u>একুশে একাডেমী’র ‘Clean Up Australia Day’ তে অংশগ্রহণ</u>

একুশে একাডমী অস্ট্রেলিয়া’র সদস্যরা যেহেতু পরিবেশ সংরক্ষনে অঙ্গীকারাবদ্ধ, তাই ২০০১ সাল থেকে প্রতি বছর ৭ মার্চ এশফিল্ড কাউন্সিলের তত্ত্বাবধানে একুশে একাডেমী অস্ট্রেলিয়া ‘ Clean Up Australia Day’ তে অংশগ্রহণ করছে। যথারীতি এ বছর কোভিড-১৯ নিয়ম-নীতি মেনে Clean Up Australia সাইট রেজিস্ট্রেশন নাম্বার ৮৫৯৮ এলাকায়, সকাল নয়টায় উক্ত সংগঠনের সদস্যবৃন্দ এবং ক্লিন আপ অস্ট্রেলিয়ার স্বেচ্ছাসেবকসহ ২২ জনের একটি টিম কাজ করে। যাদের মধ্যে তিনজন প্রাথমিক স্কুলে পড়ুয়া ছাত্র-ছাত্রীও (ইসাবেল, দাইয়ান এবং আয়াত) ছিল।

‘ক্লিন আপ’ কাজ শেষে স্বেচ্ছাসেবীদের জন্য এশফিল্ড পার্কে এক মধ্যাহ্নভোজের ব্যবস্থা (বারবিকিউ) করা হয়। একুশে একাডেমী অস্ট্রেলিয়ার সভাপতি ইঞ্জিনিয়ার আব্দুল মতিন সবাইকে ধন্যবাদ জ্ঞাপণ করে কর্মসূচীর সমাপ্ত ঘোষনা করেন।




21st February
1952
একুশে একাডেমি অস্ট্রেলিয়া
Ekushe Academy Australia Inc.
Sydney, Australia




21st February
1952
একুশে একাডেমি অস্ট্রেলিয়া
Ekushe Academy Australia Inc.
Sydney, Australia


একুশে একাডেমি অস্ট্রেলিয়া
Ekushe Academy Australia Inc.
Sydney, Australia


COFFEE HOUSE
21st February
1952
একুশে একাডেমি অস্ট্রেলিয়া
Ekushe Academy Australia Inc.


FILA


TOMATO



